# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 20.04.24** **Time: 07.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যে লোকসভা নির্বাচনে পরবর্তী দফায় ভোটগ্রহণের জন্য প্রচার জমে উঠেছে।

দ্বিতীয় দফায় ২৬ শে এপ্রিল দার্জিলিং, রায়গঞ্জ এবং বালুরঘাটে ভোট নেওয়া হবে।

অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচন সুনিশ্চিত করতে রাজ্যে আসছে আরও কেন্দ্রীয় বাহিনী।

২) তৃণমূল কংগ্রেস নেত্রী, মমতা ব্যানার্জী এবং বিধানসভায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী দুজনেই আজ মালদায় দলীয় প্রার্থীর সমর্থনে প্রচারে অংশ নেন।

৩) প্রচারে বেরিয়ে প্রদেশ কংগ্রেস সভাপতি আজ আবারও বিক্ষোভের মুখে পড়েছেন।

৪) দক্ষিণবঙ্গের জেলাগুলি তীব্র তাপপ্রবাহের কবলে। আগামী ৫ দিন এই অবস্থা চলবে বলে আবহাওয়া দপ্তর সতর্কতা জারি করেছে।

দুপুরে বাইরে বেরোতে হলে সবরকম সতর্কতামূলক ব্যবস্থা নিতে হবে।

৬) সিবিআই আধিকারিকরা আজ সন্দেশখালিতে বেশ কয়েকজন গ্রামবাসীর বয়ান রেকর্ড করেছেন।

৭) অনূর্ধ ১৩ সাব জুনিয়ার জাতীয় ফুটবল লিগে চ্যাম্পিয়ন ইস্টবেঙ্গল।

---

রাজ্যে লোকসভা নির্বাচনে দ্বিতীয় ও তৃতীয় দফার ভোটগ্রহণের জন্য প্রচার পর্ব জমে উঠেছে।

দ্বিতীয় দফায় ২৬ শে এপ্রিল, দার্জিলিং, রায়গঞ্জ, ও বালুরঘাট এবং ৭ ই মে তৃতীয় দফায় মালদা উত্তর ও দক্ষিণ, জঙ্গীপুর এবং মুর্শিদাবাদ আসনে ভোট নেওয়া হবে।

প্রথম দফার নির্বাচনে বিক্ষিপ্ত হিংসার ঘটনা থেকে শিক্ষা নিয়ে লোকসভা নির্বাচনের দ্বিতীয় ও তৃতীয় দফায় রাজ্যে আরও বেশি সংখ্যক কেন্দ্রীয় বাহিনী মোতায়ন করা হচ্ছে। নির্বাচন কমিশনের তরফে জানানো হয়েছে, প্রথম দফার ভোটে ২৭৭ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছিল। দ্বিতীয় দফার ভোটে থাকবে ২৯৯ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী। তৃতীয় দফার ভোটে আরো বেশি ৪০২ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হচ্ছে। উল্লেখ্য লোকসভা নির্বাচনের তৃতীয় দফায় ৭ মে জঙ্গিপুর, মুর্শিদাবাদ, মালদা উত্তর ও দক্ষিণ লোকসভা কেন্দ্রে ভোট নেওয়া হবে।

---

নির্বাচন প্রক্রিয়াকে অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ রাখতে নির্বাচন কমিশন সবধরনের প্রস্তুতি নিয়েছে। নির্বাচনের সময় ভিন রাজ্যের দুষ্কৃতিরা এরাজ্যে ঢুকে গোলমাল পাকাতে যাতে না পারে সেজন্য সচেষ্ট কমিশন। আন্তঃরাজ্য সীমান্ত এলাকায় নজরদারি জোরদার করা হয়েছে। কমিশনের নির্বাচনী ব্যয় পর্যবেক্ষক অজয় আনন্দ আজ বাংলা ঝাড়খন্ড সীমান্তে পশ্চিম বর্ধমানের ডুবুডিহি চেকপোষ্টে আজ নাকা তল্লাশি পর্যবেক্ষন করেন। কথা বলেন, সেখানকার দায়িত্ব প্রাপ্ত আধিকারিকদের সাথে।

এদিকে, বাঁকুড়ার খাতড়ায় নির্বাচনে প্রশিক্ষণরত কর্মীদের মেয়াদ উত্তীর্ণ ও পচা খাবার দেওয়ার অভিযোগে আজ তুমুল উত্তেজনা ছড়ায়। খাতড়া কংসাবতী শিশু বিদ্যালয়ে ভোটকর্মীরা খাবার ফেলে দিয়ে বিক্ষোভ দেখান। জেলা প্রশাসন অবশ্য অভিযোগ স্বীকার করে নিয়েছেন।

-------------------------

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ মালদা উত্তরের দলীয় প্রার্থীর সমর্থনে গাজোল কলেজ মাঠে এক জনসভায় বিজেপি এবং বাম-কংগ্রেসের সমালোচনা করে বলেন, এখান থেকে আগে যাঁরা জয়ী হয়েছিলেন, তাঁরা কোনওদিন বাংলার হয়ে কথা বলেননি, বাংলার হয়ে দাবি আদায় করেন নি। তিনি অবশ্য বরকত গণিখান চৌধুরীর অবদানের কথাও স্মরণ করেন। বাংলায় এই তিন দল একসঙ্গে লড়াই করছে বলে তিনি অভিযোগ করেন। দিল্লীতে সরকার গড়তে তৃণমূল কংগ্রেস ইন্ডিয়া জোটকে সমর্থন করবে বলেও মুখ্যমন্ত্রী জানান।

বাইট

এরপর শ্রীমতি ব্যানার্জী মালদা দক্ষিণ কেন্দ্রের মানিকচকেও দলীয় প্রার্থীর সমর্থনে আরেকটি জনসভায় যোগ দেন।

এদিকে, তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় উত্তর দিনাজপুরের গোয়ালপোখরে এক জনসভায় বক্তব্য রাখেন। বিজেপি নেতৃত্বাধীন এনডিএ সরকারের সমালোচনার পাশাপাশি তিনি কংগ্রেস এবং সিপিআইএম জোটকে তীব্র কটাক্ষ করেন।

অন্যদিকে, বিধানসভায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, রতুয়ায় মালদা উত্তর কেন্দ্রের বিজেপি প্রার্থীর সমর্থনে এক জনসভায় কেন্দ্রীয় সরকারের বিভিন্ন জনমুখী প্রকল্পের কথা উল্লেখ করে বলেন,

বাইট

মালদা দক্ষিণ কেন্দ্রেও তিনি জনসভায় যোগ দেন।

বিজেপি যুব মোর্চার রাজ্য সভাপতি ইন্দ্রনীল খাঁ আজ বাগডোগরা বিমানবন্দরে সাংবাদিক সম্মেলনে বলেন, এরাজ্যে তৃণমূল কংগ্রেস সাধারণ মানুষের জনসমর্থন হারিয়ে ফেলেছে। সাধারণ মানুষকে ভয় দেখানোর জন্য তৃণমূল কংগ্রেস বোমা-গুলি-অস্ত্র মজুত করে রেখেছে বলেও তিনি অভিযোগ করেন।

-------------------------

নির্বাচনী প্রচারে বেরিয়ে প্রদেশ কংগ্রেস সভাপতি তথা বহরমপুরের সাংসদ অধীর চৌধুরী আজ ফের বিক্ষোভের মুখে পড়েন। মুর্শিদাবাদের নওদায় অধীর বাবুর রোড শোর গাড়ি আটকে এলাকায় উন্নয়নের হিসেব চান তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থকরা। এই ঘটনায় ব্যাপক উত্তেজনা ছড়ায় নওদার দমদমা দৌলতপুর এলাকায়। প্রচারে বারবার বাধাদানের অভিযোগ তুলে কংগ্রেস আজ নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছে বলে জানা গেছে।

এদিকে, মুর্শিদাবাদ লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী গৌরি শঙ্কর ঘোষকেও কালো পতাকা দেখিয়ে গো ব্যাক স্লোগান দেবার অভিযোগ উঠেছে শাসকদলের বিরুদ্ধে। মুহুর্তের মধ্যে অশান্ত হয়ে ওঠে এলাকা। পরে জলঙ্গি থানার পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে। জলঙ্গী বিধানসভায় বিজেপির ফলাফল ভালো

হবে বুঝতে পেরেই শাসক দল বিশৃঙ্খলা তৈরির চেষ্টা করছে বলে বিজেপি অভিযোগ করেছে। যদিও তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে অভিযোগ অস্বীকার করা হয়েছে।

-------------------------

বিজেপির কর্মী সমর্থকরা আজ বীরভূমের রামপুরহাটে মিছিল করে থানার ভেতর ঢুকে বিক্ষোভ দেখান। বিক্ষোভ চলাকালীন পুলিশকর্মীদের সঙ্গে বিজেপি কর্মী সমর্থকদের ধাক্কাধাক্কিও হয়। রামনবমীর শোভাযাত্রায় বেশ কয়েকজন বিজেপি কর্মীর নামে পুলিশের অভিযোগ দায়ের এবং মামলা রুজুর পরিপ্রেক্ষিতে বিজেপি কর্মীদের এই বিক্ষোভ বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন। পরে বিজেপির এক প্রতিনিধি দল থানার আধিকারিকদের সঙ্গে কথা বলেন।

-------------------------

পশ্চিম ও উত্তর পশ্চিম দিক থেকে বয়ে আসা শুষ্ক গরম বাতাসের প্রভাবে দক্ষিণবঙ্গে আগামী বুধবার পর্যন্ত তাপপ্রবাহের সতর্কতা জারি করা হয়েছে। আলিপুর আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে, এই সময় গাঙ্গেয় পশ্চিমবঙ্গে তাপমাত্রা উঠতে পারে স্বাভাবিকের চার থেকে ৭'ডিগ্রি ওপরে। একটি প্রতেবিদেন,

ভয়েসকাস্ট

কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা ৪০ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াসে ওঠে, যা স্বাভাবিকের চেয়ে ৫ ডিগ্রি বেশি। টানা অস্বাভাবিক গরমে কলকাতা সহ দক্ষিণবঙ্গের জনজীবন প্রায় বিপর্যস্ত। বাঁকুড়া জেলায় আজ সর্বোচ্চ তাপমাত্রা ৪৪ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছয়, যা এই মরশুমের সর্বোচ্চ। তীব্র গরমে ক্ষেতের জমি ফেটে চৌচির। সাধারণ মানুষ থেকে শুরু করে গবাদি পশুরা নাজেহাল।

পুরুলিয়াতেও আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৪৩ ডিগ্রি ছাড়িয়ে গেছে। প্রচন্ড গরমে রাস্তাঘাট শুনশান।

(দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া ও পশ্চিম বর্ধমান জেলার বেশিরভাগ অংশে আরও কয়েকদিন তাপপ্রবাহ এবং কয়েকটি অঞ্চলে তীব্র তাপপ্রবাহের পূর্বাভাস রয়েছে। এজন্য আগামীকাল পর্যন্ত এই সব অঞ্চলে লাল সতর্কতা' জারি করা হয়েছে।

দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া, মুর্শিদাবাদ এবং দুই বর্ধমান জেলাকর কিছু কিছু অঞ্চলে সোমবার থেকে বুধবার পর্যন্ত হলুদ সতর্কতা জারি থাকছে।

উত্তরবঙ্গের মালদা ও দুই দিনাজপুরে এই সময়ে অস্বস্তিকর ঘর্মাক্ত আবহাওয়া থাকবে। তবে, উত্তরবঙ্গের বাকি জেলাগুলিতে বৃষ্টির পূর্বাভাস রয়েছে।)

-------------------------

আচার্য তথা রাজ্যপাল সি ভি আনন্দ বোসের আমন্ত্রনে সাড়া দিয়ে সম্প্রতি নিয়োগ পাওয়া ছটি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যরা আজ রাজভবনে যান। রাজ্যপাল আজকের বৈঠকে ছিলেন না বলে জানা গেছে। এক সিনিয়র অফিসারের সঙ্গে উপাচার্যরা কথা বলেন।

উল্লেখ্য সুপ্রীম কোর্টের নির্দেশ মেনে রাজ্য সরকারের পাঠানো ৩১ জনের নামের তালিকা থেকে আচার্য রাজ্যপাল ছয় জনকে নির্বাচিত করেছিলেন।

এদিকে, উপাচার্য ও শিক্ষাবিদদের আলোচনার জন্য রাজভবনে ডেকে রাজ্যপাল তাদের অপমান করেছেন বলে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর অভিযোগ। এক্স হ্যান্ডেলে তিনি লেখেন, আলোচনার জন্য রাজভবনে ডেকেও রাজ্যপাল তাঁদের সঙ্গে দেখা করেন নি, যা অত্যন্ত অবমাননাকর।

------------------------

ইডি হেফাজতে থাকা শেখ শাহজাহান ও তার ভাগ্নে মিজানুর শেখের বিরুদ্ধে গ্রামবাসীদের জমি জবরদখলের তদন্তে আজ সিবিআই আধিকারিকরা সন্দেশখালিতে যান। তারা প্রথমে ন্যাজাট থানার রাজবাড়ি ফাঁড়ি, পরে তারা বিভিন্ন দলে ভাগ হয়ে সন্দেশখালির মাঝের সরবেরিয়াতে গিয়ে সুকুমার পাত্র, শ্যামল ঘোষ, পালান ঘোষ সহ আটজন গ্রামবাসীর বাড়িতে গিয়ে তাদের বয়ান রেকর্ড করেন।

-------------------------

ইস্টবেঙ্গল, অনুর্ধ ১৩ সাব জুনিয়ার জাতীয় ফুটবল লিগে চ্যাম্পিয়ন হয়েছে। সল্টলেকের আইবি ব্লকে আজ ইস্টবেঙ্গল ৬-২ গোলে মহামেডান স্পোর্টিংকে হারিয়ে দিয়েছে। লাল হলুদ দলের পক্ষে অভ্র দে তিনটি, দীপক মন্ডল দুটি ও রক্তিম রায় একটি গোল করেছে। মহামেডান স্পোর্টিং এর সুরজিৎ হালদার ও রনদীপ মন্ডল গোল করেছেন। শিশির সরকার ইস্টবেঙ্গলের হয়ে ১২ টি গোল করেছে।

------------------------ ------------------------